

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪৪১, তেজগাঁও, ঢাকা-১২০৮।

ই-মেইল- dgdncbd@gmail.com, Website : www.dnc.gov.bd

নম্বর-৪৪.০৪.০০০০.০০৬.২৭.০০১.১২-১২০৮

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৪
০১ মার্চ ২০১৮

অফিস আদেশ

অতিরিক্ত পরিচালক(ভারপ্রাপ্ত), বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনা এর ০১/০৩/২০১৮ তারিখের ৪৪.০৪.০০০০.১৭৪.০০.০৮৩.০৮-১৩৫ সংখ্যক স্মারকপত্রে জানা যায় গত ২৬/০২/২০১৮ তারিখ খুলনা জেলার বটিয়াঘাটা থানা অধিক্ষেত্রে পৃথক পৃথক অভিযান পরিচালনার মাধ্যমে গাঁজা উদ্ধার ও জন্মপূর্বক আসামী গ্রেফতারসহ দুটি নিয়মিত মামলা উদঘাটন করা হয়। অভিযানকারী টিম খুলনা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে এসে মামলার এজাহার প্রস্তুতপূর্বক খুলনা জেলার বটিয়াঘাটা থানায় মামলার এজাহার ও গ্রেফতারকৃত আসামী জমা দেয়ার জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ পরিদর্শক জনাব মনোজিৎ কুমার বিশ্বাস ও সিপাই জনাব মোঃ আবু সেলিমকে সরকারি গাড়ীযোগে বটিয়াঘাটা থানায় প্রেরণ করে। জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনার ক সার্কেলের উপ পরিদর্শক জনাব মনোজিৎ কুমার বিশ্বাস থানায় উপস্থিত হয়ে অস্বাভাবিক আচরণ করেন। বটিয়াঘাটা থানার অফিসার ইনচার্জ তার অস্বাভাবিক আচরণ ও তার মুখ দিয়ে এ্যালকোহলের (মদ্য) দুর্গন্ধ বের হওয়ায় ডাক্তারী পরীক্ষার জন্য তাকে বটিয়াঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করেন। ডাক্তার কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় তার এ্যালকোহল (মদ্য) পানের প্রমাণ পাওয়া যায়। তাছাড়া তিনি মদ্য পানের বিষয়ে স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছেন। অতিরিক্ত পরিচালক(ভারপ্রাপ্ত), বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনা তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেন।


তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ। এমতাবস্থায়, জনাব মনোজিৎ কুমার বিশ্বাস(পরিচিতি নম্বর-৪৯১২০), উপ পরিদর্শক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অপরাধে বিভাগীয় মামলা রুজু করার লক্ষ্যে একই বিধিমালা ১১(১) বিধি অনুযায়ী তাকে সরকারী চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। সাময়িকভাবে বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

০৩। এ আদেশ তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতে হবে।

০৪। তাকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় ক্রোজড/সংযুক্ত করা হলো। তিনি আগামী ০৫/০৩/২০১৮ তারিখের মধ্যে উপ পরিচালক(প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এর নিকট রিপোর্ট করবেন। তাছাড়াও তিনি প্রতি কর্মদিবসে সহকারী পরিচালক(প্রশাসন) এর নিকট রিপোর্ট করবেন।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ জামাল উদ্দীন আহমেদ)
মহাপরিচালক।
ফোন: ৮৮৭০০১১।

নম্বর-৪৪.০৪.০০০০.০০৬.২৭.০০১.১২-১২০৮


তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৪
০১ মার্চ ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

-অপর পৃঃ দ্রঃ-

৪. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ গোয়েন্দা শাখা, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. বিভাগীয়/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,।
৭. উপ-পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনা। উল্লেখিত আদেশটি যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।
৮. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. জনাব মনোজিং কুমার বিশ্বাস, উপ পরিদর্শক, ক সার্কেল, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনা।
১০. অফিস কপি/গার্ড ফাইল/ব্যক্তিগত নথি।



(মোঃ হামিউর রশীদ)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন : ৮৮৭৮১০৬।